

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৪২

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ التَّالِثُ (بَابِ جَامِعِ المناقب)

### আরবী

وَعَنْهُ قَالَ: مَا أَحَدٌ مِنَ النَّاسِ تُدْرِكُهُ الْفِتْنَةُ إِلَّا أَنَا أَخَافُهَا عَلَيْهِ إِلَّا مُحَمَّدُ بْنُ مِسْلَمَةَ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَا تَضْدُرُّكَ الْفِتْنَةُ» . رَوَاهُ أَبُو دَاوُد

سنده ضعیف ، رواه ابوداؤد (4663) \* هشام بن حسان مدلس و عنعن ـ (صَحِیح)

#### বাংলা

৬২৪২-[৪৭] উক্ত রাবী [হুযায়ফাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, যখনই কোন ফিতনাহ্ মানুষের মাঝে দেখা দেয়, তখন আমি সকলের ব্যাপারে ভয় করি যে, সে তাতে লিপ্ত হতে পারে, একমাত্র মুহাম্মাদ ইবন মাসলামাহ্ ছাড়া। কেননা আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, (হে মাসলামাহ্!) ফিতনাহ তোমার কোন ক্ষতি করতে পারবে না। (আবূ দাউদ)

## ফুটনোট

সহীহ: আবু দাউদ ৪৬৬৩, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৭২৩৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (تُدْرِكُهُ الْفِتْنَةُ) অর্থাৎ দুনিয়াবী মুসীবাত। মুহাম্মাদ ইবনু মাসলামাহ বলতে মুহাম্মাদ ইবনু মাসলামাহ আল আনসারী খাযরাজী ছিলেন। তাবুক ছাড়া অন্যান্য সব যুদ্ধে অংশগ্রহণ করেন। কেউ কেউ বলেন, তাবুক যুদ্ধের বছর নবী (সা.) তাকে খলীফাহ্ বানিয়েছিলেন। তিনি বিশিষ্ট সাহাবীদের অন্যতম ছিলেন। মদীনায় বিখ্যাত সাহাবী মু'আব ইবনু উমায়র -এর হাতে ইসলাম গ্রহণ করেন। রাসূল (সা.) - এর নির্দেশ থাকার কারণে ফিতনার সময়



তিনি নির্জনতাকে পছন্দ করতেন এবং ফিতনার অনিষ্টতা ও ক্ষতি থেকে নিরাপদ থাকতেন। (মিশকাতুল মাসাবীহ - মুম্বাই ছাপা, ৫ম খণ্ড, পৃ. ২৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন